সংবাদ 312 ৪/১২/৮১

050

# মাধ্যমিক শিক্ষা পর্যায়ে আধুনিক গণিত প্রণয়ন সময়োপযোগী হয়নি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগিতায় বাংলাদেশ গণিত সমিতি আয়োজিত মাধ্যমিক স্কুল গণিত শিক্ষকদের সপ্তাহকাল ব্যাপী এক প্রশিক্ষণ কোর্স গত ২৯শে নভেম্বর ঢাকায় সমাপ্ত হয়েছে।

এই উপলক্ষে গত রোববার ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী ফজলুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারী শিক্ষকদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক মো: রমজান আলী সরদার। অন্যাদের মধ্যে বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক ডঃ মাজহারুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান জনাব আ, ফ, ম আবদুর রহমান, বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক জনাব আ, ক, ম খোদাদাদ খান, জনাব শামসুল হক মোল্লা, জনাব আনোয়ার আলী, ডঃ কামরুন্নেছা বেগম ও কোর্সে অংশগ্রহণকারী সেন্ট গ্রেগরী স্কুলের গণিত শিক্ষক সৈয়দ সিরাজুল হক।

বাংলাদেশ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক সপ্তম শ্রেণী পর্যন্ত প্রণয়নকৃত আধুনিক গণিতের উপর বক্তাগণ আলোচনা করেন। আধুনিক গণিতের প্রয়োজনীয়তার কথা স্বীকার করেও বক্তাগণ বলেন যে, আমাদের দেশে মাধ্যমিক শিক্ষা পর্যায়ে আধুনিক গণিত প্রণয়ন সময়োপযোগী হয়নি।

বক্তাগণ আরো বলেন, আধুনিক গণিত শিক্ষাদানের জন্য শিক্ষকদের প্রশিক্ষণ অপরিহার্য। গণিত শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা না করে এই নতুন পদ্ধতি প্রণয়ন সুফলের চাইতে বরং কুফলই ডেকে এনেছে। এ ব্যাপারে তারা শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

মাননীয় শিক্ষা সচিব বাংলাদেশ গণিত সমিতির এই উদ্যোগের প্রশংসা করে বলেন যে, এই ধরনের ওয়ার্কশপ শুধু গণিতে নয় সকল বিষয়ের উপরই হওয়া উচিত। এতে বিভিন্ন স্তরের শিক্ষার মধ্যে সামঞ্জস্যতা আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ করা যেতে পারে এই প্রশিক্ষণ কোর্সে ঢাকা শহরের বিভিন্ন মাধ্যমিক স্কুল থেকে ২৯ জন গণিত শিক্ষক ও শিক্ষিকা অংশগ্রহণ করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।